

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩৩২

২৩/ আহার ও তার শিষ্টাচার (کتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৪১. একাধিক খেজুর একত্রে মুখে দেয়া নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ قِرَانِ التَّمْرِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو دَاؤُدَ، حَدَّثَنَا أَبُو عَامِرٍ الْخَزَّانُ، عَنِ الْحَسَنِ، عَنْ سَعْدٍ، مَوْلَى أَبِي بَكْرٍ _ وَكَانَ يُعْجِبُهُ حَدِيثُهُ _ مَوْلَى أَبِي بَكْرٍ _ وَكَانَ يُعْجِبُهُ حَدِيثُهُ _ مَوْلَى أَلِيه وسلم _ وَكَانَ يُعْجِبُهُ حَدِيثُهُ _ أَنَّ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ نَهَى عَنِ الإِقْرَانِ . يَعْنِي فِي التَّمْرِ .

বাংলা

২/৩৩৩২। আবৃ বকর (রাঃ) এর মুক্তদাস সা'দ (রাঃ) থেকে বর্ণিত। সা'দ (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খেদমত করতেন এবং তাঁর কথাবার্তা তার ভালো লাগতো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কয়েকটি খেজুর একসাথে মুখে দিতে নিষেধ করেছেন।

English

It was narrated from Sa'd, the freed slave of Abu Bakr – and Sa'd used to serve the Messenger of Allah (ﷺ) and he liked this Hadith – that the Prophet (ﷺ) forbade eating two dates at once.

ফুটনোট

আহমাদ ১৭১৮।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু আমির আল-খাযযার সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বাযযার বলেন, তিন সিকাহ। আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়।



সুলায়মান বিন দাউদ বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৮১২, ১৩/৪৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন